

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:২৮

আরবি মূল আয়াত:

إِنَّا كُنَّا مِن قَبِلُ نَدعُوهُ ؟ إِنَّهُ هُوَ البَرُّ الرَّحِيمُ ﴿٢٨﴾

নিশ্য পূর্বে আমরা তাঁকে ডাকতাম; নিশ্য তিনি ইহসানকারী, পরম দয়ালু। — আল-বায়ান পূর্বে আমরা তাঁর কাছেই দু'আ করতাম, তিনি অতি অনুগ্রহকারী, পরম দয়াবান। — তাইসিরুল আমরা পূর্বেও আল্লাহকে আহবান করতাম, তিনিতো কৃপাময়, পরম দয়ালু। — মুজিবুর রহমান Indeed, we used to supplicate Him before. Indeed, it is He who is the Beneficent, the Merciful." — Sahih International

২৮. নিশ্চয় আমরা আগেও আল্লাহকে ডাকতাম, নিশ্চয় তিনি কৃপাময়, পরম দয়ালু।

তাফসীরে জাকারিয়া

- (২৮) নিশ্চয় আমরা পূর্বেও আল্লাহকে আহবান করতাম।[1] নিশ্চয় তিনি কৃপাময়, পরম দয়ালু।'
 - [1] অর্থাৎ, আমরা একমাত্র তাঁরই উপাসনা করতাম। তাঁর সাথে কাউকে অংশীদার স্থাপন করতাম না। কিংবা এর অর্থ এই যে, জাহান্নামের শাস্তি থেকে বাঁচার জন্য আমরা কেবল তাঁরই নিকট প্রার্থনা করতাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4763

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন